দৈনিক সংবাদ

তারিখ ...08 SEP 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

27

# আজ সাক্ষরতা দিবস

আজ শনিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা দিনটি পালনের উদ্দেশ্যে ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

এ বছরের মূল বিষয় হচ্ছে "নিরক্ষরতার বিরুদ্ধে সংগ্রাম"। জাতিসংঘ সাধারণ পরিষদ বছরটিকে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ঘোষণা করেছে।

দিনটি উপলক্ষে আজ বিকেল ৪টায় বাংলাদেশ জাতিসংঘ সমিতি ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠে এক আলোচনা সভার আয়োজন করেছে।

বাংলাদেশ মহিলা পরিষদের

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## আজ সাক্ষরতা দিবস

(১ম পাতার পর)

উদ্যোগে আজ বিকেল সাড়ে ৩টায় কর্মজীবী মহিলা হোস্টেলে এক সেমিনারের আয়োজন করা হয়েছে।

লায়ন্স জেলা ৩১৫ বি বাংলাদেশ এবং ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় একই দিন বিকেল ৩টায় জাতিসংঘ তথ্য কেন্দ্রে এক আলোচনা সভার অয়োজন করা হয়েছে।

বাংলাদেশ সাক্ষরতা সমিতি দিনটি উপলক্ষে জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনের অয়োজন করেছে।